

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা- ১২১৬।  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩০৩.২০১৮- ২২৫৬

তারিখ

৩০ কার্তিক, ১৪২৫।

২৪ নভেম্বর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ৬৬৪১/২০১৭ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জনাব, জনাব শারমিন নুপুর, সহকারী শিক্ষক (ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক), উত্তর পূর্ব কুকুয়া কমিউনিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা- আমতলী, জেলা: বরগুনা গং- (০২ জন) - তারা প্রধান শিক্ষক পদ পাওয়ার দাবীতে এবং সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহে অন্য বিদ্যালয় থেকে প্রধান শিক্ষক পদে চলতি দায়িত্ব না দেওয়া এবং অধিগ্রহণকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক (চাকুরীর শর্তাবলী নির্ধারণ) বিধিমালা, ২০১৩ (Annexure -I) মোতাবেক বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষকগণের চাকুরীকাল ৫০% গণনার বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৬৬৪১/২০১৭ দায়ের করেছেন। ফলে তাঁরা সংক্ষুদ্ধ হয়ে প্রধান শিক্ষক পদের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৬৬৪১/২০১৭ দায়ের করেন। গত ১৩.০৮.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ একটি stay order আদেশ প্রদান করেনঃ

“Pending hearing of the Rule, let the operation of the impugned Memo no.38.008. 012.00.002.2004.297, dated 24.05.2018 issued by respondent no 3 with a direction upon the respective district primary education office to prepare and forward gradation assistant teacher intending to give current charge of Head Master of the government primary school (now nationalized) (Annexure -J) be stayed for a period of 06(six) months from date.”

২। রীট পিটিশন নং ৬৬৪১/২০১৭ মামলায় সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৩ নং রেসপনডেন্ট সহ অন্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ৬৬৪১/২০১৭ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ৬৬৪১/২০১৭ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারনে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।

- সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।  
২। ওকালতনামা ০২(দুই) খানা।  
৩। ক্ষমতাপর্শনপত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।  
বরগুনা।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩০৩.২০১৮- ২২৫৬/২

তারিখ

৩০ কার্তিক, ১৪২৫।

২৪ নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।

(মো: আব্দুল আলীম) ২৪/১১/১৮  
সহকারী পরিচালক (আইন)  
পক্ষে- মহাপরিচালক

(মো: আব্দুল আলীম) ২৪/১১/১৮  
সহকারী পরিচালক (আইন)  
পক্ষে- মহাপরিচালক